

শেরপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ

(বিআরডিবি-ইউসিসিএ)

শেরপুর, রঙুড়া।

পত্র নং ৪৭.৬২.১০৮৮.০০০.০০.২৫৩.২৩.

তারিখ :

ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে প্রার্থীদের যোগ্যতা সম্পর্কিত আবশ্যিকীয় বিষয়ে বিজ্ঞপ্তি।

এতদ্বারা শেরপুর ইউসিসিএ লিঃ এর সদস্যভুক্ত সকল কৃষক ও মহিলা সমবায় সমিতি সমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ মোতাবেক ১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ অনুষ্ঠিতব্য বিশেষ সাধারণ সভায় শেরপুর ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে অংশ গ্রহনের ক্ষেত্রে প্রার্থীদের প্রয়োজনীয় তথ্য ও যোগ্যতা সম্পর্কিত সংক্ষিপ্ত নিয়মাবলী ইউসিসিএ লিঃ এর উপবিধি সমবায় আইন ২০০১ সমবায় সমিতি বিধিমালা ২০০৪ ও শেরপুর ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক অত্র বিজ্ঞপ্তি জারী করা হলো।

- ১। শেরপুর ইউসিসিএ লিঃ এর অনুষ্ঠিতব্য আগামী ২৭-০৯-২০২৩ খ্রিঃ তারিখের বিশেষ সাধারণ সভায় উপস্থিত ও অংশ গ্রহনকারী সদস্য সমিতি সমূহের প্রতিনিধিগণের ভোটে ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির সভাপতি, সহ সভাপতি ও (ছয়) জন সদস্য ০৩(তিন) বছর মেয়াদে নির্বাচনের মাধ্যমে নির্বাচিত হবেন।
- ২। শেরপুর উপজেলায় অত্র ইউসিসিএ লিঃ এর কার্যকরী সমগ্র এলাকা ০৬(ছয়)টি ব্লকে বিভক্ত। প্রতি ব্লক থেকে ০১(এক) জন করে মোট ০৬(ছয়) জন সদস্য ও সমগ্র এলাকা থেকে ০১(এক) জন সভাপতি ও ০১(এক) জন সহ- সভাপতি নির্বাচিত হবেন। ব্যবস্থাপনা কমিটির এক তৃতীয়াংশ সদস্য নিবন্ধক কর্তৃক মনোনীত হবেন। ব্লকের তালিকা পূর্বেই প্রকাশ করা হয়েছে এবং তাহা অফিসের নোটিশ বোর্ডে দেখা যাবে।
- ৩। প্রতিদ্বন্দিতাকারী ব্যক্তির ন্যূনতম বয়স ২১ বছর হতে হবে এবং সমিতির এখতিয়ারভুক্ত এলাকার জন্য প্রণীত সাধারণ ভোটের তালিকায় অন্তর্ভুক্ত হতে হবে।
- ৪। নির্বাচন অনুষ্ঠানের তারিখ পর্যন্ত অব্যহতভাবে অন্ততঃ ১২ মাস ব্যাপী সমিতির সদস্য হিসাবে বহাল থাকতে হবে এবং পূর্ববর্তী ০২টি বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকতে হবে।
- ৫। তিনি যে সমিতির প্রতিনিধি হিসাবে নির্বাচনে অংশ গ্রহনের ইচ্ছা প্রকাশ করেন সেই সমিতির বৈধ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক লিখিতভাবে ক্ষমতা প্রাপ্ত হতে হবে।
- ৬। ব্যবস্থাপনা কমিটির নির্বাচিত সদস্য হিসাবে একাদিক্রমে ০৩টি (তিন) মেয়াদ পূর্ণ করেছেন এমন কোন সদস্য পরবর্তী মেয়াদের নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্য হবেন না। তবে ব্যবস্থাপনা কমিটির কোন নির্বাচিত সদস্য মেয়াদ পূর্তির পূর্বে পদত্যাগ করলে কিংবা বহিস্কৃত হলে ব্যবস্থাপনা কমিটিতে তাঁর স্বাভাবিক মেয়াদ পূর্ণ হয়েছে বলে বিবেচিত হবেন।
- ৭। কোন ফৌজদারী অপরাধের কারণে দোষী সাব্যস্ত হয়ে দুই বছর বা ততোধিক মেয়াদের জন্য কারাদণ্ডে দণ্ডিত হয়ে থাকলে কারাভোগের পর পাঁচ বছর সময় অতিবাহিত না হলে তিনি অযোগ্য বিবেচিত হবেন।
- ৮। যথোপায়ুক্ত আদালত কর্তৃক দেউলিয়া বা অপ্রকৃতস্থ ঘোষিত ব্যক্তি নির্বাচনে অযোগ্য বিবেচিত হবেন।
- ৯। কোন ব্যক্তি সমবায় সমিতি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে ব্যক্তিগত পর্যায়ে গৃহীত জামানত প্রদানের মাধ্যমে অন্যকে দেওয়া ঋণ, অগ্রীম কিংবা কোন পনের মূল্য বা অন্য যে কোন সেলামী পাওনার খেলাপী অংশ মনোনয়নপত্র দাখিলের পূর্বে সম্পূর্ণ পরিশোধ না করা পর্যন্ত নির্বাচনের অংশ গ্রহনের যোগ্য হবেন না।
- ১০। ঋণ খেলাপী সদস্য সমিতি খেলাপী ঋণের ৭৫% মনোনয়ন দাখিলের পূর্বে পরিশোধ না করলে এবং নির্বাচন অনুষ্ঠানের পূর্ববর্তী ০২(দুই) বছরের বিধিবদ্ধ নিরীক্ষা প্রতিবেদনে অকার্যকর ভাবে চিহ্নিত বা অবসায়নে ন্যস্ত কিংবা নিবন্ধন বাতিল হয়েছে এই ধরনের কোন সদস্য সমিতি কেন্দ্রীয় সমিতির নির্বাচনে অংশ গ্রহন কিংবা অংশগ্রহনের নিমিত্তে প্রতিনিধি হিসেবে মনোনীত হতে পারবেন না।
- ১১। নির্বাচন কমিটির কোন সদস্য নির্বাচনের প্রার্থী হতে পারবেন না।
- ১২। একই সাথে একাধিক পদে নির্বাচনে অংশ গ্রহন করা যাবে না।
- ১৩। সমবায় আইন মোতাবেক বৈধ ব্যবস্থাপনা কমিটির অস্তিত্ব আছে এমন সদস্য সমিতির প্রতিনিধি কেবল মাত্র বিশেষ সাধারণ সভা ও নির্বাচনে অংশ গ্রহনের যোগ্য হবেন।

(চলমান-২)